

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৩৭.০১৯.১৬- ১৭০

তারিখঃ ১১/০৩/২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষে আগামী ২২-০৩-২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য ঢাকা কেন্দ্রীয় শহরময় বর্ণাঢ্য শোভাযাত্রায় নিশ্চিত অংশগ্রহণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষে বাংলার ঐতিহ্য, সংস্কৃতি ও উন্নয়ন তুলে ধরে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/গুরুত্বপূর্ণ সংস্থা কর্তৃক ঢাকা শহরের বিভিন্ন স্থান থেকে সুসজ্জিত বাদকদল/তারকা খেলোয়াড়/অভিনেতাসহ/বিশিষ্ট ব্যক্তিবর্গ ও জনগণের অংশগ্রহণে ২২-০৩-২০১৮ খ্রিঃ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকায় বর্ণাঢ্য শোভাযাত্রা শুরু করে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে সমবেত হবে।


০২। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহ সমবেত হওয়ার স্থান ও গঠিত শোভাযাত্রার গতিপথ নিম্নে প্রদত্ত হলোঃ

স্থান : সোহরাওয়ার্দী উদ্যান ও ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট সংলগ্ন এলাকা।

গতিপথ : সোহরাওয়ার্দী উদ্যান-মৎস্য ভবন-কদম ফোয়ারা-আবদুল গনি রোড-জিপিও-বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের পশ্চিম গেইট।

০৩। এমতাবস্থায়, যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা জেলা কার্যালয় ও উহার আওতাধীন ঢাকাস্থ সকল যুব প্রশিক্ষণ কেন্দ্র ও ইউনিট থানা কার্যালয়সমূহ, শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র (যুব প্রশিক্ষণ কেন্দ্রসহ) এবং কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, সাভার, ঢাকা কার্যালয়সমূহের কর্মকর্তা-কর্মচারীগণকে বর্ণিত শোভাযাত্রায় নিশ্চিতভাবে অংশগ্রহণ করতে হবে।

০৪। শোভাযাত্রায় অংশগ্রহণের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর-এর উল্লিখিত কার্যালয়সমূহের কর্মকর্তা-কর্মচারীগণকে যুব ভবন, ১০৮ মতিঝিল, ঢাকায় আগামী ২২-০৩-২০১৮ খ্রিঃ তারিখ দুপুর ০২.০০ টায় সমবেত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

  
(আ.ন. আহম্মদ আলী)

যুগ্মসচিব  
পরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোন- ৯৫৫০৮৬৩

বিতরণ :

০১। পরিচালক/প্রকল্প পরিচালক (সকল) ..... যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২। পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সাভার, ঢাকা।

০৩। উপপরিচালক/কম্পিউটার প্রোগ্রামার, ..... (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৪। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা জেলা কার্যালয়, ঢাকা

০৫। অধ্যক্ষ কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সাভার, ঢাকা।

০৬। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।

০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৮। অফিস কপি।